

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
(সচিবের দপ্তর)
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬
২২ অক্টোবর ২০১৯

বিষয়ঃ শিল্প সচিব মহোদয়ের নির্দেশনা।

গত ২৭-০৯-২০১৯ তারিখ শুক্রবার বিকাল ৬:০০টায় চট্টগ্রামস্থ সিইউএফএল'র সম্মেলন কক্ষে শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিসিআইসি'র চেয়ারম্যান জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম-সহ টিএসপি কমপ্লেক্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্য প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। টিএসপি কমপ্লেক্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক প্রতিষ্ঠানের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

২.০ টিএসপি কমপ্লেক্স লিঃ এর প্রতি নির্দেশনা

- ২.১। বিসিআইসি'র আওতাধীন এ প্রতিষ্ঠানটি লাভজনক রয়েছে। প্রতিষ্ঠানের লাভের ধারা অব্যাহত রাখতে হবে।
- ২.২। প্রতিষ্ঠানের নিট লাভ হতে 'কোম্পানি আইন' অনুযায়ী রিজার্ভ তহবিলসহ আবশ্যিক অন্যান্য তহবিল সৃষ্টির পর লভ্যাংশের হিসাব করতে হবে।
- ২.৩। কারখানার মেশিনারিজ নিয়মিত প্রয়োজনীয় মেরামত করে সুষ্ঠু রক্ষণাবেক্ষণ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত যন্ত্র প্রকৌশলী নিয়মিত পরিদর্শন করে যন্ত্রপাতি- মেশিনারিজ মেরামত সিডিওল তৈরি করবেন। সে অনুযায়ী মেশিনারিজ রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ২.৪। টিএসপিএল'র বোর্ড সভায় পুণঃ ধার্যকৃত উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।
- ২.৫। ১৯৭৩-৭৪ সাল হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত ৫৯৩টি অডিট আপত্তির মধ্যে নিষ্পত্তি হয়েছে ৪৬৪টি। এখনও ১২৯টি অডিট আপত্তি অমিমাংসিত রয়েছে। অমিমাংসিত অডিট আপত্তিসমূহ অবিলম্বে নিষ্পত্তির বাস্তব কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২.৬। পূর্ব পরিকল্পিত বার্ষিক ওভারহোলিং কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।
- ২.৭। বিভিন্ন বন্ধ বা লে-অফকৃত কারখানা হতে পদায়নকৃত অদক্ষ জনবলকে যথাযথ প্রায়োগিক প্রশিক্ষণ দিয়ে জনশক্তিতে রূপান্তর করতে হবে। প্রশিক্ষণের পরও উক্ত কর্মী হতে কাঙ্ক্ষিত সার্ভিস না পাওয়া গেলে সে কর্মীকে কোম্পানি আইন অনুযায়ী ছাটাই করতে হবে।

৩.০। বাস্তবায়নে-

- ক) অতিরিক্ত সচিব (স্বস, আস, নীতি, বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- খ) চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- গ) পরিচালক (সকল), বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ঘ) ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি কমপ্লেক্স লিঃ, চট্টগ্রাম

৪.০। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে মাসিক ভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
২২-১০-২০১৯

(প্রতুল কুমার সাহা)

উপসচিব

শিল্প মন্ত্রণালয়

ফোন: +৮৮ ০২ ৯৫৫৮৪১৩

ই-মেইল: pratul.saha1@gmail.com

০৬ কার্তিক ১৪২৬

তারিখ : ২২ অক্টোবর ২০১৯

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ৩১৮/১৭

বিতরণ- সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (স্বস, আস, নীতি, বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন অনুসরণের অনুরোধসহ)
- ২। অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ৪। পরিচালক (সকল), বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি কমপ্লেক্স লিঃ, চট্টগ্রাম

উপসচিব
শিল্প মন্ত্রণালয়